# পিকেএসএফ-এর ডাটা সরবরাহ/ব্যবহার/বিক্রয় সংক্রান্ত নীতিমালা

## ১.০ নীতিমালা প্রণয়নের ভূমিকা ও উদ্দেশ্য:

দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টি এবং মানব মর্যাদা প্রতিষ্ঠায় পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে। পিছিয়ে পড়া জনগোষ্ঠীর অগ্রযাত্রায় পিকেএসএফ আর্থিক সেবার পাশাপাশি অ-আর্থিক সেবার অবাধ সরবরাহ বজায় রেখে উন্নয়নকে দিয়েছে ভিন্নমাত্রা। এই বিরতিহীন কর্মযাত্রায় পিকেএসএফ গড়ে তুলেছে বিশ্লেষণধর্মী সংখ্যা ও গুণবাচক ডাটা। পিকেএসএফ-এর গবেষণা শাখার গবেষণা কর্মসহ অন্যান্য বিভাগ ও বিভিন্ন প্রকল্পের আওতায় সংগৃহীত ও সংরক্ষিত ডাটার সুষ্ঠু ব্যবহার/বিক্রয়-এর নিমিত্তে এই নীতিমালা প্রণয়ন করা হয়েছে। কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান পিকেএসএফ-এর ডাটা ব্যবহার/ক্রয় করতে ইচ্ছুক হলে, এই নীতিমালাটি অনুসরণযোগ্য হবে।

## ২.০ নীতিমালার আওতায় ডাটার সংজ্ঞা:

তথ্য অধিকার আইন-২০০৯-এর ধারার ২(চ) এবং তথ্য প্রবিধানমালার বিধি ২(৭)-এ বর্ণিত"তথ্য"-এর সংজ্ঞার মধ্যে 'তথ্য-উপাত্তে'র কথা উল্লেখ রয়েছে। অপরদিকে পিকেএসএফ-এর 'স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০১৯'-এর পরিশিষ্ট (স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম)-এ শুধুমাত্র 'পিকেএসএফ-এর গবেষণা সংক্রান্ত তথ্য' প্রকাশের কথা উল্লেখ রয়েছে। কিন্তু তথ্য অধিকার আইন-২০০৯-এর 'তথ্যের সংজ্ঞায়' এবং পিকেএসএফ-এর 'স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০১৯'-এ 'ডাটা'র ব্যাপারে কোন কিছু উল্লেখ নাই।

এ-ক্ষেত্রে তথ্য অধিকার আইন-২০০৯ এবং পিকেএসএফ-এর 'স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০১৯'-এর কোন ব্যত্যয় না ঘটিয়ে অত্র নীতিমালার আওতায় **"ডাটা"** বলতে নিম্নলিখিত ডাটাসমূহ-কে বুঝাবে-

২.১ পিকেএসএফ-এর গবেষণা বিভাগ কর্তৃক বিভিন্ন গবেষণা পরিচালনার উদ্দেশ্যে প্রাথমিক উৎস থেকে/মাঠ পর্যায় থেকে সংগৃহীত ডাটাসমূহ;

২.২ বেজলাইন জরিপের ডাটাসমূহ;

২.৩ মিডটার্ম ও ফাইনাল ইভালুয়েশন প্রতিবেদনে ব্যবহৃত ডাটাসমূহ;

২.৪ পিকেএসএফ-এর এমআইএস শাখা, কার্যক্রম শাখাসহ বিভিন্ন বিভাগ/শাখা কর্তৃক সংগৃহীত বা সংরক্ষিত ডাটাসমূহ;

২.৫ আউটসোর্সিং বা নিয়োগকৃত পরামর্শক-এর মাধ্যমে প্রাপ্ত ডাটাসমূহ; এবং

২.৬ সর্বোপরি পিকেএসএফ-এর আর্থিক ও অ-আর্থিক সেবাভিত্তিক বা পিকেএসএফ-এর বিভিন্ন কার্যক্রম ও বিভিন্ন প্রকল্পের আওতায় সংরক্ষিত ও সংগৃহীত ডাটাসমূহ-কে বোঝাবে।

## ৩.০ পিকেএসএফ-এর ডাটার ব্যবহার বা ক্রয়-এর সাধারণ শর্তসমূহ:

৩.১ পিকেএসএফ-এর যে কোন ডাটা ব্যবহার বা ক্রয়ের জন্য পিকেএসএফ-এর নির্দিষ্ট আবেদন ফরম (সংযুক্তি-ক)-এ আবেদন করতে হবে।

৩.২ সংযুক্তি-ক-এর আবেদনের ভিত্তিতে চাহিত ডাটার সাথে সংশ্লিষ্ট বিভাগ/শাখার মতামতপূর্বক পিকেএসএফ-এর ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে সাধারণ প্রশাসন শাখা গবেষণা শাখার সাথে সমন্বয়পূর্বক চাহিত ডাটা আবেদনকারীকে সরবরাহ করবে।

৩.৩ পিকেএসএফ-এর ডাটা ব্যবহার/ক্রয়ের জন্য আবেদনকারীর চাহিদা মাফিক ডাটা প্রাপ্তির ক্ষেত্রে **সংযুক্তি-খ** এ নির্ধারিত ফি পিকেএসএফ-এর অনুকূলে ডিডি/পে-অর্ডারের মাধ্যমে প্রদান করতে হবে।

তবে শর্ত থাকে যে, আবেদনকারীর আবেদন/গুরুত্ব বিবেচনা করে বা পিকেএসএফ-এর স্বার্থ সংশ্লিষ্ট হলে বা সরকারী বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে চাহিত ডাটা সরকারী কাজে ব্যবহার হলে, সাধারণ প্রশাসন শাখার প্রস্তাব/সুপারিশ মোতাবেক ব্যবস্থাপনা পরিচালক-এর অনুমোদন সাপেক্ষে আবেদনকারীকে বিনা মূল্যে বা ছাত্রদের-কে রেয়াতী মূল্যে ডাটা সরবরাহ করা যাবে।

৩.৪ আবেদনকৃত ডাটাসমূহ আবেদনের তারিখ হতে সর্বোচ্চ ২০ (বিশ) কর্ম দিবসের মধ্যে প্রদান করা হবে।

৩.৫ পিকেএসএফ-এর অনুমতি ব্যতীত এবং আবেদনকারী আবেদনপত্রে উল্লিখিত ক্ষেত্র ব্যতীত অন্য কোন ক্ষেত্রে চাহিদা মাফিক প্রাপ্ত ডাটা ব্যবহার করতে পারবেন না।

৩.৬ পিকেএসএফ-এর অনুমতি ব্যতীত চাহিদা মাফিক প্রাপ্ত ডাটা আবেদনকারী অন্যত্র অর্থের বিনিময়ে বিক্রয় বা অন্য কোন ব্যাক্তি/প্রতিষ্ঠানকে প্রদান করতে পারবেন না।

৩.৭ পিকেএসএফ হতে প্রাপ্ত ডাটার ক্ষেত্রে কোন পরিমার্জন বা সম্পাদনা করা যাবে না।

৩.৮ পিকেএসএফ-এর ডাটা ব্যবহার করে সম্পাদিত কোন প্রকাশনার ক্ষেত্রে পিকেএসএফ-এর রেফারেন্স যথাস্থানে উল্লেখ করতে হবে।

৩.৯ পিকেএসএফ-এর ডাটা ব্যবহার করে সম্পাদিত কোন প্রকাশনার ক্ষেত্রে পিকেএসএফ-কে প্রকাশনার কপি প্রদান করতে হবে।

৩.১০ পিকেএসএফ-এর ডাটা ব্যবহার করে কোন গবেষণাকর্ম সম্পন্ন হবার পর, উক্ত গবেষণাকর্মের একটি হার্ডকপি পিকেএসএফ-কে প্রদান করতে হবে।

৩.১১ পিকেএসএফ-এর কোন কর্মসূচি বা প্রকল্পের ওপর মাঠ থেকে সরাসরি কোন ডাটা সংগ্রহের ক্ষেত্রে প্রশ্নপত্রসহ পিকেএসএফ কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে এবং সেক্ষেত্রে উক্ত বিষয়ের যাবতীয় খরচ আবেদনকারী বা গবেষককে বহন করতে হবে।

৩.১২ পিকেএসএফ এর যে সফটওয়্যারে যে ফরমেটে ডাটা সংরক্ষিত আছে, সেই একই সফটওয়্যারের ফরমেট অনুযায়ী চাহিত আবেদনকারীকে ডাটা সরবরাহ করা হবে। চাহিতব্য ডাটা কোনক্রমেই প্রিন্ট কপি/ ফটোকপিতে প্রদান করা হবে না।

## ৪.০ বিবিধঃ

৪.১ তথ্য অধিকার আইন-২০০৯-এর ধারার ২(চ)-এ বর্ণিত“তথ্য” বা পিকেএসএফ-এর কোন নোট শীট বা নোটশীটের প্রতিলিপি বা গোপনীয় বা সংবেদনশীল কোন কাগজপত্র/দলিলাদি এ নীতিমালার আওতায় পড়বে না।

৪.২ পিকেএসএফ-এর ডাটা ক্রয়, সরবরাহ ও ব্যবহার-এর ক্ষেত্রে কপিরাইট আইন-২০০০ প্রতিপালন সাপেক্ষে পিকেএসএফ-এর কপিরাইট ক্ষমতা সংরক্ষিত থাকবে।

৪.৩ পিকেএসএফ-এর ব্যবস্থাপনা পরিচালক এই নীতিমালা সংশোধন/সংযোজন/পরিমার্জন/পরিবর্ধন করতে পারবেন।

৪.৪ নীতিমালা বাস্তবায়নে কোন অস্পষ্টতা দেখা দিলে পিকেএসএফ-এর ব্যবস্থাপনা পরিচালক-এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

তারিখঃ ২৪ মার্চ, ২০২৩

(মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ)
ব্যবস্থাপনা পরিচালক

<u>সংযুক্তি-ক:</u> পিকেএসএফ-এর ডাটা ব্যবহার বা ক্রয়ের জন্য আবেদনপত্র

<u>সংযুক্তি-খ:</u> প্রদানযোগ্য ডাটা'র প্রকৃতি ও প্রযোজ্য ফি

(সংযুক্তি-ক)

মার্চ, ২০২০

# পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

## পিকেএসএফ-এর ডাটা ব্যবহার বা ক্রয়ের জন্য আবেদনপত্র

**পিকেএসএফ ভবন**
প্লট: ই-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ।
টেলিফোন: ৮৮০-২-৮১৮১৬৫৮-৬১, ৮১৮১১৬৯-৯, ৮১৮১১৬৯ ফ্যাক্স: ৮৮০-২-৮১৮১৬৭১, ৮১৮১৬৭৮
ই-মেইল: pksf@pksf-bd.org, ওয়েব সাইট: www.pksf-bd.org; www.facebook.com/PKSF.org

বরাবর
**ব্যবস্থাপনা পরিচালক**
পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)
পিকেএসএফ ভবন
প্লট: ই-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা,
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

মহোদয়,

আমি/আমরা পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর ডাটাসমূহ পিকেএসএফ কর্তৃক আরোপিত শর্তাধীনে ব্যবহার করতে ইচ্ছুক। এ-প্রেক্ষিতে আমার/আমার প্রতিষ্ঠানের নিম্নোক্ত তথ্যসমূহ আপনার সদয় বিবেচনার জন্য প্রদান করা হল:

**১.১। চাহিত ডাটার শিরোনাম:**

**১.২। চাহিত ডাটা ব্যবহারের ক্ষেত্র (যেমন-গবেষণা, প্রকাশনা ইত্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে):**

**১.৩। চাহিত ডাটা গবেষণার ক্ষেত্রে ব্যবহার করা হলে, উক্ত গবেষণার উদ্দেশ্য, উক্ত গবেষণা কর্মের সংক্ষিপ্ত বিবরণ ও গবেষণা কর্মের সুস্পষ্ট এলাকা/স্থান (প্রযোজ্য কাগজ/দলিলাদিসহ):**

**১.৪। চাহিত ডাটা গবেষণার ক্ষেত্রে ব্যবহার করা হলে, প্রধান গবেষকের তথ্য:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| প্রধান গবেষকের নাম | | | | স্বাক্ষর: | |
| পদবী | | | | | |
| সংস্থার নাম | | | | | |
| সংস্থার পূর্ণ ঠিকানা | | | | | |
| ফোন নাম্বার | | ইমেইল | | ওয়েবসাইট | |

১.৫। চাহিত ডাটা গবেষণার ক্ষেত্রে ব্যবহার করা হলে, অন্যান্য গবেষকগণের নাম ও স্বাক্ষর

| নাম | স্বাক্ষর |
|---|---|
| ১. | |
| ২. | |
| ৩. | |

**১.৬ পিকেএসএফ-এর ডাটা ব্যবহার বা ক্রয়ের সাধারণ শর্তাবলী:**

i. সরকারী কাজে ব্যবহারের ক্ষেত্র ব্যতীত পিকেএসএফ-এর ডাটা ব্যবহার বা ক্রয়-এর জন্য আবেদনকারীকে অত্র আবেদনপত্রের সাথে পিকেএসএফ নির্ধারিত হারে ফি পিকেএসএফ-এর অনুকূলে ডিডি/পে-অর্ডারের মাধ্যমে প্রদান করতে হবে।

ii. আবেদনকৃত ডাটাসমূহ আবেদনের তারিখ হতে সর্বোচ্চ ২০ (বিশ) কর্মদিবসের মধ্যে প্রদান করা হবে।

iii. আবেদনকারীর চাহিদা মোতাবেক পিকেএসএফ কর্তৃক প্রকাশিত বেজলাইন জরিপ, মিডটার্ম ও ফাইনাল ইভালুয়েশন প্রতিবেদন, গবেষণাকর্ম ইত্যাদি ডাটা Soft কপি আকারে প্রদান করা হবে।

iv. পিকেএসএফ-এর অনুমতি ব্যতীত এবং আবেদনকারী আবেদনপত্রে উল্লিখিত ক্ষেত্র ব্যতীত অন্য কোন ক্ষেত্রে চাহিদামাফিক প্রাপ্ত ডাটা ব্যবহার করতে পারবেন না।

v. পিকেএসএফ-এর অনুমতি ব্যতীত চাহিদামাফিক প্রাপ্ত ডাটা আবেদনকারী অন্যত্র অর্থের বিনিময়ে বিক্রয় বা অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে প্রদান করতে পারবেন না।

vi. পিকেএসএফ হতে প্রাপ্ত ডাটার ক্ষেত্রে কোন পরিমার্জন বা সম্পাদনা করা যাবে না।

vii. পিকেএসএফ-এর ডাটা ব্যবহার করে সম্পাদিত কোন প্রকাশনার ক্ষেত্রে পিকেএসএফ-এর রেফারেন্স যথাস্থানে উল্লেখ করতে হবে।

viii. পিকেএসএফ-এর ডাটা ব্যবহার করে সম্পাদিত কোন প্রকাশনার ক্ষেত্রে পিকেএসএফ-কে প্রকাশনার কপি প্রদান করতে হবে।

ix. পিকেএসএফ-এর ডাটা ব্যবহার করে কোন গবেষণাকর্ম সম্পন্ন হবার পর, উক্ত গবেষণাকর্মের একটি হার্ডকপি পিকেএসএফ-কে প্রদান করতে হবে।

x. পিকেএসএফ-এর ডাটা ক্রয়, সরবরাহ ও ব্যবহার-এর ক্ষেত্রে পিকেএসএফ-এর কপিরাইট ক্ষমতা সংরক্ষিত থাকবে।

xi. পিকেএসএফ-এর কোন কর্মসূচি বা প্রকল্পের ওপর মাঠ থেকে সরাসরি কোন ডাটা সংগ্রহের ক্ষেত্রে প্রশ্নপত্রসহ পিকেএসএফ কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে এবং সেক্ষেত্রে উক্ত বিষয়ের যাবতীয় খরচ আবেদনকারী বা গবেষককে বহন করতে হবে।

xii. গবেষণাকর্মের ফলাফল এবং বিশ্লেষণের জন্য প্রধান গবেষকসহ গবেষকবৃন্দ সম্পূর্ণভাবে দায়বদ্ধ থাকবে।

xiii. ডাটা ব্যবহার বা ক্রয় সংশ্লিষ্ট যে কোন বিষয়ে পিকেএসএফ-এর ব্যবস্থাপনা পরিচালক-এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## অঙ্গীকারনামা

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করছি যে, আবেদনপত্রে বর্ণিত সমুদয় তথ্য ও দাখিলকৃত কাগজ/দলিলাদি সঠিক। পিকেএসএফ-এর প্রয়োজনে ভবিষ্যতে আমি/আমরা আরও কোন তথ্য ও কাগজপত্র/দলিলাদি দাখিল করার অঙ্গীকার করছি। এছাড়া আমি/আমরা বর্ণিত সাধারণ শর্তাবলী যথাযথভাবে পালনের অঙ্গীকার করছি।

আবেদনকারীর নাম:

পদবী:

প্রতিষ্ঠানের পূর্ণ ঠিকানা:

টেলিফোন/মোবাইল ফোন নম্বর ও ই-মেইল (যদি থাকে):

তারিখ : ....................................

আবেদনকারীর স্বাক্ষর ও অফিসিয়াল সিল

প্রতিষ্ঠান প্রধানের নাম, স্বাক্ষর ও অফিসিয়াল সিল

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)
www.pksf-bd.org

(সংযুক্তি-খ)

## প্রদানযোগ্য ডাটা'র প্রকৃতি ও প্রযোজ্য ফি

| ক্র. নং | ডাটা'র প্রকৃতি | ফি |
|---|---|---|
| ১. | পিকেএসএফ-এর এমআইএস শাখা কর্তৃক প্রণীত ঋণ সংক্রান্ত সমন্বিত ডাটা। | প্রতি বছরের জন্য ১০,০০০.০০ (দশ হাজার) টাকা হারে। |
| ২. | পিকেএসএফ-এর গবেষণা শাখা অথবা পিকেএসএফ কর্তৃক মনোনীত গবেষক, কনসাল্টিং ফার্ম/প্রতিষ্ঠান কর্তৃক সংগৃহীত ডাটা (যেমন: যে কোন গবেষণা, কোন প্রকল্প/কর্মসূচির বেইসলাইন, মিডটার্ম, চূড়ান্ত মূল্যায়ন অথবা যে কোন ধরনের গবেষণা কর্মকাণ্ড)। | প্রতিটি গবেষণার আওতায় প্রতিটি নমুনা খানা হতে সংগৃহীত তথ্যের জন্য ৪ (চার) টাকা হারে সর্বমোট নমুনা খানার সংখ্যা অনুসারে ফি নির্ধারিত হবে। |

পিকেএসএফ ভবন, ই-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ
ফোন: ৮৮০-২-৮১৮১৬৫৮-৬১, ৮১৮১৬৬৪-৯, ৮১৮১১৬৯ ফ্যাক্স: ৮৮০-২-৮১৮১৬৭১, ৮১৮১৬৭৮ ই-মেইল: pksf@pksf-bd.org; www.facebook.com/PKSF.org